

উপজেলা মুক্তিযোদ্ধা কমিটি, সরিষাবাড়ীর সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব আবুল কালাম আজাদ
ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।

স্থান : ভাইস-চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষ, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী।

তারিখ : ০৫/০৯/২০২৩ খ্রি.


সময় : বেলা ১১:০০ ঘটিকা

উপস্থিতি: পরিশিষ্ট 'ক'।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সদস্য সচিবকে সভার আলোচ্য সূচি মোতাবেক আলোচনা করার অনুরোধ জানান। উপজেলা সমাজসেবা অফিসার বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনালে তা বিনা সংশোধনীতে দৃষ্টিকরণ করা হয়। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র. নং	আলোচনার বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন কারী
০১.	মুক্তিযোদ্ধা সম্মানী ভাতাসংক্রান্ত আলোচনা।	সদস্য সচিব সভায় জানান যে, সরিষাবাড়ী উপজেলায় ৬৭০ জন বীরমুক্তিযোদ্ধার বিপরীতে সমসংখ্যক বীরমুক্তিযোদ্ধা বা তাদের পরিবারের পক্ষ থেকে মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা গ্রহণ করেন। এছাড়া মুক্তিযোদ্ধা সম্মানী ভাতার নতুন আবেদন গ্রহণ এবং ভাতাভোগীর মৃত্যু জনিত কারণে ভাতা প্রতিস্থাপনের আবেদন গ্রহণ অব্যাহত আছে। ম্যানেজার, সোনালী ব্যাংক উপজেলা কমপ্লেক্স শাখা, সরিষাবাড়ী ভাতা বাস্তবায়ন সদস্য সচিব হিসাবে দায়িত্ব পালন করছেন।	বরাদ্দ অনুযায়ী নিয়মিত ভাতা বিতরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	ম্যানেজার, সোনালী ব্যাংক উপজেলা কমপ্লেক্স শাখা, সরিষাবাড়ী জামালপুর।
০২.	অসচ্ছল মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন বরাদ্দ সংক্রান্ত আলোচনা।	সদস্য সচিব সভায় জানান যে, অন্যান্য উপজেলার ন্যায় সরিষাবাড়ী উপজেলায় অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের আবাসন প্রথম পর্ষায় বরাদ্দ প্রাপ্ত ১২ টি মাঝে ১১ টি ঘরের নির্মাণ সম্পন্ন হয়েছে। নতুন ভাবে বরাদ্দ প্রাপ্ত আরও ১০৮ টি ঘরের কাজ চলমান আছে। বরাদ্দ প্রাপ্ত ঘরের নির্মাণ কাজ চলমান আছে। দ্রুত সময়ের মধ্যে সম্পন্ন হবে। এই মুহর্তে নতুন আবেদন গ্রহণের নির্দেশনা নাই।	নীতিমালা অনুসরণ করে দ্রুত সময়ের মধ্যে গৃহ নির্মাণ করার জন্য সংশ্লিষ্টদের প্রতি অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সরিষাবাড়ী, জামালপুর।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



আবুল কালাম আজাদ
ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ

ও

সভাপতি


উপজেলা মুক্তিযোদ্ধা কমিটি
সরিষাবাড়ী, জামালপুর।

স্মারক নং: ৪১.০১.৩৯৮৫.০০০.১৬.০১০.১৯- ১ ৬৬

তারিখঃ ০৫/০৯/২০২৩খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ০১। জেলা প্রশাসক, জামালপুর।
- ০২। উপপরিচালক, স্থানীয় সরকার বিভাগ, জামালপুর।
- ০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, সরিষাবাড়ী, জামালপুর।
- ০৫। ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।
- ০৬। চেয়ারম্যান,ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।
- ০৭। জনাব
- ০৮। অফিস কপি।



মোঃ আরিফুর রহমান
উপজেলা সমাজসেবা অফিসার

ও



সদস্যসচিব

উপজেলা মুক্তিযোদ্ধা কমিটি
সরিষাবাড়ী, জামালপুর।

dss.sarishabari@gmail.com

উপজেলা মুক্তিযোদ্ধা কমিটি, সরিষাবাড়ীর সেপ্টেম্বর/২০২৩ খ্রিঃ মাসের উপস্থিতির স্বাক্ষর শীটঃ

তারিখঃ ০৫.০৯.২৩ খ্রি.

ক্র. নং	নাম /পদবী	মোবাইল নম্বর ও ই-মেইল	স্বাক্ষর
০১.	ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী		
০২.	চেয়ারম্যান, কামরাবাদ ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী		
০৩.	চেয়ারম্যান, ভাটারা ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী		
০৪.	চেয়ারম্যান, আওনা ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী		
০৫.	উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সরিষাবাড়ী	০১৬৭৭৮৫০৮৫৪	 ০৫/০৯/২৩